ভাৰতীয় সাহিত্যত মহিলা লেখকৰ ৰচনাশৈলী

The Writing Techniques of Women Writers in Indian Literature



সম্পাদনা / Editing

দীপক কুমাৰ ৰৰা

কৰবী দেৰী

Dipak Kumar Bora

Karabi Devi

Bharateeya Sahityat Mohila Lekhakar Rachana Sailee (The Writing Techniques of Women Writers in Indian Literature) : The book is a compilation of the research papers presented in the Regional Seminar, on 21st Sept. 2019, organized by 'Sankardev Sahitya Chora, Nowgong College and Department of Assamese, Nowgong College, Nagaon, Assam, Pin - 782001

© Principal, Nowgong College

First Edition	:	7th August, 2020
Publisher	:	Dr. Sarat Borkataki, Principal, Nowgong College, Nagaon, Assam
Editor	:	Dipak Kumar Bora Karabi Devi
Organizing Secretary	:	Dr. Bhuban Ch. Chutia Karabi Devi
Cover	:	Dipak Kumar Bora
ISBN	:	
Price	:	Rs. 500.00 (Rupees Five hundred only)
Printed at	:	Suryya Printing Works, Nagaon

অমৃতজ্যোতি গল্পের রচনাশৈলী ঃ একটি অধ্যয়ন

ড° রীতা রাণী দে
সহকারী অধ্যাপিকা, নগাঁও গার্লস কলেজ

ভূমিকা

অমৃতজ্যোতি গল্পটি লিখেছেন, অনন্যা পাল। গল্পটির মধ্যে নিয়তির মতো রয়েছেন ভগবান বুদ্ধদেব। গল্পের প্রধান চরিত্র হলেন আম্রপালী। তিনি ছিলেন বৈশালীর প্রধান গণিকা। পরবর্তীজীবনে তিনি ভিক্ষুণী সংঘে যোগদান করেন। *থেরীগাথা*[১], *মহাপরিনিব্বান সুত্তং*[২], *বিনয়পিটকের ১ম খণ্ডের মহাবর্গ*[৩] *সূত্রপিটকের খুদ্দকনিকায়ের থেরী অপদান*[৪]— ইত্যাদি গ্রন্থে আম্রপালীর কথা আছে। তাঁর জীবনকে কেন্দ্র করে সাহিত্যিকরা বিভিন্ন ভাষায় বিভিন্ন ধরনের সাহিত্য রচনা করেছেন। গল্পকার অনন্যা পালও তাঁদের মধ্যে একজন। জীবনের সত্য ঘটনা ও কাহিনি অবলম্বন করে এবং তার সঙ্গে কিছুটা কল্পনার সংমিশ্রণ ঘটিয়ে গল্পকার এই গল্পটি রচনা করেছেন।

বাংলা গদ্যসাহিত্যের বিভিন্ন প্রকরণের একটি হল ছোটগল্প। অনন্যা পালের *অমৃতজ্যোতি* রচনাটিকে ছোটগল্প বিভাগের অন্তর্ভুক্ত করা হয়েছে। এই গল্পের রচনাশৈলীর বিষয়ে আলোচনা করতে হলে গল্পটির আয়তন, কাহিনি গ্রন্থন, চরিত্র চিত্রণ, ভাষা ব্যবহার, *অমৃতজ্যোতি* জীবনী ভিত্তিক গল্প, ছোটগল্প হিসাবে সার্থকতা,